

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩০৮

১/ বিবিধ

আরবী

من قال: لا إله إلا الله دخل الجنة، ووجبت له الجنة ومن قال: سبحان الله وبحمده
مائة كتب الله له ألف حسنة وأربعين حسنة، قالوا: يا رسول الله إذا لا يهلك
منا أحد؟ قال: بلى، إن أحدكم ليجيء بالحسنات لو وضعت على جبل أثقلته، ثم تجيء
النعم، فتذهب بتلك، ثم يتطاول الرب بعد ذلك برحمته

موضوع

أخرجه الحاكم (4/251) من طريق أَحْمَدُ بْنُ شَرِيفِ أَبْنَاءِ مُحَمَّدٍ بْنِ يُونُسَ السَّامِيِّ.
حدثنا يحيى بن شعبة بن يزيد: حدثني إِسْحَاقُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةِ الْأَنْصَارِيِّ
عن أَبِيهِ عَنْ جَدِهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَذَكِرْهُ
وَقَالَ: "صَحِيقُ الْإِسْنَادِ شَاهِدٌ لِحَدِيثِ سَلِيمَانَ بْنِ هَرْمَ
قَلْتُ: وَوَافَقَهُ الْذَّهَبِيُّ، وَذَلِكَ مِنْ أَوْهَامِهِ، فَإِنَّ يَحِيَّا بْنَ شَعْبَةَ بْنَ يَزِيدَ، وَأَحْمَدَ بْنَ
شَرِيفَ لَمْ أَجِدْ لَهُمَا تَرْجِمَةً. وَمُحَمَّدَ بْنَ يُونُسَ: هُوَ الْكَدِيمِيُّ، وَهُوَ وَاهٌ جَدًا، اتَّهَمَهُ غَيْرُ
وَاحِدٍ بِالْكَذْبِ وَالْوَضْعِ، فَأَنِّي لِحَدِيثِ الْصَّحَّةِ، وَلَا سِيمَا مِنْ فَوْقِهِ وَمِنْ دُونِهِ مَجْهُولٌ

বাংলা

১৩০৮। যে ব্যক্তি বলবেং 'লা-ইলাহা ইল্লাল্লাহ' সে জান্নাতে প্রবেশ করবে এবং তার জন্য জান্নাত ওয়াজির হয়ে
যাবে। আর যে ব্যক্তি সুবহানাল্লাহি অবিহামদিহি একশতবার বলবে, আল্লাহ তা'আলা তার জন্য একহাজার
চৰিশটি হাসানাহ (সাওয়াব) লিখে দিবেন। তারা বললং হে আল্লাহর রসূল! তাহলে তো আমাদের কেউ ধ্বংস
হবে না? তিনি বললেনং হ্যাঁ। তোমাদের একেকজন এমন সব হাসানাত (সাওয়াব) নিয়ে আসবে যে সেগুলোকে

যদি পাহাড়ের উপরে রেখে দেয়া হয় তাহলে সেগুলো পাহাড়ের চেয়ে বেশী ভারী হয়ে যাবে। অতঃপর একটি উট এসে সেগুলোকে নিয়ে যাবে। এরপর প্রতিপালক তার রহমত দ্বারা অহংকার করবেন।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি হাকিম (৪/২৫১) আহমাদ ইবনু শুরাইহ সূত্রে মুহাম্মাদ ইবনু ইউনুস আসসামী হতে, তিনি ইয়াহইয়া ইবনু শু'বাহ ইবনে ইয়ায়ীদ হতে, তিনি ইসহাক ইবনু আবদিল্লাহ ইবনে আবী তুলহা আনসারী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে ... বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ, এটি সুলাইমান ইবনু হারাম এর হাদীসের শাহেদ।

আমি আলবানী বলছিঃ হাফিয় যাহাবীও তার সাথে একমত্য পোষন করেছেন। এটি তার সন্দেহমূলক সিদ্ধান্তগুলোর অন্তর্ভুক্ত। কারণ, ইয়াহইয়া ইবনু শু'বা ইবনে ইয়ায়ীদ এবং আহমাদ ইবনু শুরাইহ-এর (উভয়ের) জীবনী পাচ্ছি না। আর মুহাম্মাদ ইবনু ইউনুস হচ্ছেন কুদায়মী, তিনি খুবই দুর্বল। একাধিক ব্যক্তি তাকে মিথ্যা বর্ণনা এবং জাল করার দোষে দোষী করেছেন। অতএব কিভাবে তার হাদীস সহীহ। এ ছাড়াও তার উপরের এবং তার পরের বর্ণনাকারী অপরিচিত (মাজত্তল)।

হাদীসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72187>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন